দৈনিক

তারিখ 04 OCT 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

# সিংগাইর পাইলট হাই স্কুল সরকারি করা হোক

১৯৪০ সালে প্রতিষ্ঠিত সিংগাইর পাইলট হাইস্কুলটি পৌর উপজেলা সদরে অবস্থিত। শিক্ষাপ্রতিষ্ঠানটির জেএসসি, এসএসসি পরীক্ষার ফলাফল বরাবরই ভালো। বর্তমানে প্রায় দেড় হাজার ছাত্রছাত্রী এখানে পড়াশোনা করছে। ১১.৩০ একর জমিতে প্রতিষ্ঠিত এই শিক্ষাপ্রতিষ্ঠানে একটি তিন তলা, দুটি দোতলা ভবনসহ মোট চারটি ভবন রয়েছে। রয়েছে মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ একটি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব, বিজ্ঞানের শিক্ষার্থীদের জন্য বিজ্ঞানাগার, বহু দুর্লভ গ্রন্থসহ একটি সমৃদ্ধ গ্রন্থাগার। স্কুলের ব্যয় নির্বাহের জন্য রয়েছে পর্যাপ্ত ফান্ড। কৃষিজীবী অভিভাবকদের সন্তানরাই এখানে বেশি লেখাপড়া করে। সিংগাইর উপজেলার কোনো উচ্চ বিদ্যালয় এ পর্যন্ত সরকারি করা হয়নি। তাই সিংগাইর পাইলট হাই স্কুলটি সরকারি করার জন্য সরকারের কাছে বিনীত আবেদন জানাচ্ছি।

**বেণীমাধব সরকার**
সহকারী অধ্যাপক, সিংগাইর কলেজ, সিংগাইর, মানিকগঞ্জ